

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহানবী (সঃ) কি মাটির তৈরি ছিলেন, নাকি নুরের তৈরি ছিলেন?

নূরের তৈরি ফিরিশতামণ্ডলী। মহানবী (সঃ) আদমের অন্যতম সন্তান। সুতরাং তারাও আদিসৃষ্টি মাটি থেকেই। তিনি আল্লাহ্র তরফ থেকে অন্ধকারে নিমজ্জিত পথস্রষ্ট মানুষের জন্য প্রেরিত নূর (জ্যোতি বা আলো) ছিলেন। সেই নূর বা আলোতে জাহেলিয়াতে তমসাচ্ছন্ন যুগ ও সমাজ আলোকিত হল। অন্ধকারে দিশাহারা মানুষ সেই আলোকবর্তিকায় সরল পথের দিশা পেল। তাঁর দেহ নূরানি ছিল, কিন্তু তিনি নূর বা নূর থেকে সৃষ্টি ছিলেন না। মহান আল্লাহ্র সৃষ্টি বৃত্তান্তে একমাত্র ফিরিশতাই নূর থেকে সৃষ্টি। আর নবী মুস্তফা (সঃ) ফিরিশতা ছিলেন না। ১৭ সর্বপ্রথম আল্লাহপাক আরশ ও কলম সৃষ্টি করেন। ১৮ নূরে মুহাম্মাদী আল্লাহ্র প্রথম সৃষ্টি নয়। পক্ষান্তরে যে হাদীসে নূরে মুহাম্মাদীর কথা বলা হয়েছে, তা জাল বা বাতিল হাদীস।

ফুটনোট

১৭ (কুরান৬/৫০) । ১৮ (আহমাদ ৫/৩১৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন